

২. নাগরিক সেবার তথ্যাবলি

২.১ নাগরিক সেবার তালিকা- (মহানগর/জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়)

সেবা ক্রমিক নং	সেবার নাম	সেবার পর্যায় (মহানগর/জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়)
১.	খাদ্যশস্য সংগ্রহ	উপজেলা/জেলা
২.	আটাচাক্কি ও খাদ্যশস্যের খুচরা ব্যবসার লাইসেন্স প্রদান/নবায়ন	উপজেলা/জেলা/মহানগর
৩.	ফেয়ার প্রাইস (ন্যায্যমূল্য)	ইউনিয়ন/উপজেলা/জেলা/মহানগর
৪.	ওএমএস	উপজেলা/জেলা/বিভাগ/মহানগর

২.২ নাগরিক সেবার তথ্য সারণি								
ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা গেতে বর্ধ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ
০১	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়	খাদ্যশস্য সংগ্রহ	১. উপজেলা নির্বাহী অফিসার ২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ৩. ওসি এলএসডি	কৃষক তার উৎপাদিত ধান/গম গুদামে বিক্রির জন্য নিয়ে আসলে গুদাম কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ওজন ও মান সম্পর্কে নিশ্চিত হয়ে মূল্য পরিশোধের নিমিত্তে WQSC (Weight, Quality, Stock Certificate, ওজন, মান ও মজুদ সার্টিফিকেট) ইস্যু করেন। কৃষক স্থানীয় পেয়িং ব্যাংক হতে WQSC জমা দিয়ে সরাসরি নগদ মূল্য গ্রহণ করেন। একইভাবে মিলার চাল সরবরাহে অগ্রহ প্রকাশ করে আবেদন করলে তার মিলের কাপাসিটি অনুসারে বরাদ্দ দেওয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে চাল সরবরাহ করলে একইভাবে মূল্য পরিশোধ করা হয়।	১. ধান ও গম ক্রয়ের ক্ষেত্রে ০১ থেকে ০২ দিন ২. চাল ক্রয়ের ক্ষেত্রে ৫-৭ দিন	ধান/গমের ক্ষেত্রে খরচবিহীন। তবে চাল ক্রয়ের ক্ষেত্রে চুক্তি সম্পাদনের জন্য ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প	খাদ্যশস্য (ধান, চাল, গম) সংগ্রহ নীতিমালা, ২০১০ এর শর্তনুসারে • ধান ও গমের ক্ষেত্রে কৃষক হিসেবে কৃষি বিভাগের প্রত্যয়ন • চালের ক্ষেত্রে লাইসেন্সধারী চুক্তিবদ্ধ মিলার • ধান, চাল ও গমের মান সরকারি নির্দেশনা মোতাবেক	জেলা খাদ্য নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
০২	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়	আটাচাক্কি ও খাদ্যশস্যের খুচরা ব্যবসার লাইসেন্স প্রদান/নবায়ন	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/খাদ্য পরিদর্শক/অফিস সহকারী	ব্যবসায়ীর নিকট থেকে আবেদনপত্র পাওয়ার পর খাদ্য পরিদর্শক ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন/যাচাই করে সঠিক তথ্য পাওয়াসাপেক্ষে এবং চালানের মাধ্যমে টাকা জমা দেওয়ার পর লাইসেন্স প্রদান করা হয়।	০৪-০৫ দিন	লাইসেন্স ফি- খুচরা পর্যায়= ১,০০০/-টাকা; পাইকারি পর্যায়=৫,০০০/-টাকা	এস.আর. ও নং- ১১২-আইন/ ২০১১	জেলা খাদ্য নিয়ন্ত্রক

২.২ নাগরিক সেবার তথ্য সারণি								
ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ক্ষি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে বার্ষিক হলে পরবর্তী প্রতিবন্ধকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ
০৩	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়	ফেয়ার প্রাইস (ন্যায্যামূল্য)	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গুদাম কর্মকর্তা	একটি উপজেলা/থানার সকল ইউনিয়নের তালিকাভুক্ত অতি দরিদ্র জনগণ এ সেবা পেয়ে থাকেন। প্রথমে ইউনিয়ন কমিটির মাধ্যমে উপকারভোগীর তালিকা তৈরি করে উপজেলা কমিটিতে অনুমোদন করাতে হয়। উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ অফিস অনুমোদিত তালিকা অনুযায়ী উপকারভোগী/সুবিধাভোগীদের নামে ফেয়ার প্রাইস কার্ড তৈরি করে সরবরাহ করে। অতঃপর নিয়োগকৃত ডিলারকে ডিও ইস্যুর মাধ্যমে চালানে জমাকৃত টাকার বিপরীতে খাদ্যশস্য প্রদান করা হয়। ডিলার নির্দিষ্ট স্থানে ও দরে উপজেলা কমিটির অনুমোদিত তালিকা অনুযায়ী জনগণের মাঝে খাদ্যশস্য বিক্রয়/বিতরণ করেন।	সেবা গ্রহণকারী ডিলারের বিক্রয় কেন্দ্রে পৌঁছার পর ১ থেকে ২ ঘণ্টা	সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত মূল্যে	ফেয়ার প্রাইস নীতিমালা, ২০১০ (সংশোধিত)	জেলা খাদ্য নিয়ন্ত্রক
০৪	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়	ওএমএস	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গুদাম কর্মকর্তা	নিয়োগকৃত ডিলারকে ডিও ইস্যুর মাধ্যমে চালানে জমাকৃত টাকার বিপরীতে খাদ্যশস্য প্রদান করা হয় এবং খাদ্যশস্যের বিক্রির ও বিক্রির নীতিমালা অবহিত করা হয়। ডিলার নির্দিষ্ট স্থানে ও দরে মাস্টাররোলার মাধ্যমে নিম্নআয়ের জনগণের মাঝে খাদ্যশস্য বিক্রয়/বিতরণ করে থাকেন।	সেবা গ্রহণকারী ডিলারের বিক্রয় কেন্দ্রে পৌঁছার পর ১ থেকে ২ ঘণ্টা	<ul style="list-style-type: none"> ডিলারের ক্ষেত্রে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প উপকারভোগীর ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত খাদ্যশস্য মূল্য 	ওএমএস নীতিমালা- ২০১২	উপজেলা/জেলা খাদ্য নিয়ন্ত্রক